



# IMA Research Foundation

স্বপ্ন নিয়ে মালয়েশিয়া গিয়ে পঙ্গুত্ব জীবন নিয়ে দেশে ফিরে এলো সাইদুল



মা-বাবা আত্মীয়-স্বজনকে ছেড়ে অর্থ রোজগারের জন্য স্বদেশ ছেড়ে বিদেশে গিয়ে সাইদুল তার মনের আড়ালে লুকায়িত স্বপ্নকে বাস্তবায়িত করতে চেয়েছিল। কিন্তু বিনিময়ে পঙ্গুত্ব জীবন উপহার পেল। বাপ-দাদার সম্পত্তি বিক্রি সহ সুদে দুই লক্ষ ত্রিশ হাজার টাকার বিনিময়ে অনেক স্বপ্ন নিয়ে বাবা-মা'র মুখে হাঁসি ফোঁটাতে "REAZ OVERSEAS" Licence No. RL-030, House # 8 S.W (i), Gulshan Avenue, Gulshan-1, Road # 1, Dhaka-1212, এর মাধ্যমে ২০শে জুলাই/২০০৭ তারিখ কাজের উদ্দেশ্যে গিয়েছিল। মালয়েশিয়া যাওয়ার আগে এজেন্ট যে কাজের কথা বলেছিল সেই কাজ না

দিয়ে বিভিন্ন জায়গায় বিক্রি করে। মেডিকেল, পারমিট না দিয়ে অবৈধ ভাবে অনেক কঠিন কাজ করিয়ে নেয়। বেতন চাইলে মারধর করে। কিছু দিন পর একটি এ্যালুমিনিয়ামের ফ্যান্টারীতে কাজ দেয়। সেখানে প্রায় দুই সপ্তাহ কাজ করে। কাজ করা অবস্থায় একদিন ডান হাতে প্রচণ্ড আঘাত পায়। ভালো কোন চিকিৎসার ব্যবস্থা না নেওয়ার কারণে হাত কেটে ফেলতে হয় সাইদুলের। ২৪শে এপ্রিল/০৮ তারিখ পঙ্গুত্ব জীবন নিয়ে শূন্য হাতে দেশে ফিরে আসতে হয়। প্রতারণা ও নির্যাতনের শিকার হয়ে আমার মত আর কত ভাইকে নিঃশ্ব হয়ে, পঙ্গুত্ব অভিশপ্ত জীবন কাটাতে হবে। সাইদুলের প্রশ্ন দেশবাসীর কাছে . . .

সাইদুলের সাথে যোগাযোগ

রাদিয়ান রাহেব

প্রোগাম কো-অর্ডিনেটর, ইমা রিসার্চ ফাউন্ডেশন

মোবাইল : +৮৮-০১৯১১.৫৫৫.৯৯২